গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ছাতক, সুনামগঞ্জ
www.acl.chhatak.sunamganj.gov.bd

স্মারক নং-৩১.৪৬.৯০২৩.০০০.০৬.০০১.২৬- ৫০৬

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

## নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর আওতায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ আদালতের আদেশনামা এর আদেশের ক্রমিক নং ০৫ ও ৩/১১/২৫খ্রি: তারিখের মোবাইল কোর্ট আপীল মামলা নং ১১/২৫ এর ১২৮/২০২৫ মোবাইল কোর্ট মামলা নং ১২৮/২০২৫ (ছাতক) আপীল না মঞ্জুর করা হয় এবং জব্দকৃত মালামাল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক জব্দকৃত নিম্নবর্ণিত নৌযান/আইটেম নিলামের জন্য ০৪ (চার) সদস্যের নিলাম কমিটি গঠন করা হয়। ২০/০৭/২০২৬ খ্রি: তারিখের ৪৯৩ নং স্মারক মূলে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বিকাল ৪.৩০ ঘটিকায় নিলাম কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মোবাইল কোর্ট মামলা নং ১২৮/২০২৫ (ছাতক) এর জব্দকৃত মালামাল যথাযথ পক্রিয়ায় নিলাম দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নে বর্ণিত তারিখ, স্থান ও সময়ে নিলাম কমিটির উপস্থিতিতে প্রকাশ্যে নিলাম অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | নৌযান/আইটেমের নাম | পরিমাপ | রেজিস্ট্রেশন নম্বর | ধরণ | সর্বনিম্ন নিলাম ডাকমূল্য | যেখানে রক্ষিত আছে |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ০৩ টি নৌকা ০৫টি ড্রেজার | নৌকার দৈর্ঘ্য: ৪০ ফুট, প্রস্থ:০৮ ফুট গভীরতা:০৪ ফুট | অরেজিস্ট্রিকৃত | বালিবাহী | ২,৫০,০০০/- | নৌ পুলিশ ফাঁড়ি, ছাতক, সুনামগঞ্জ। |

নিলামের ডাকের স্থান ও সময়সূচি

| নিলামের স্থান | তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|
| নৌ পুলিশ ফাঁড়ি প্রাঙ্গন ছাতক, সুনামগঞ্জ। | ২৯/০৭/২০২৬ খ্রি: ,সময় : সকাল ১১.০০ ঘটিকা | |

**নিলামের শর্তাবলী:**

১. আবেদনকারীকে ৩ কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
২. নিলাম ডাকে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/ব্যবসায়ীগণ অংশ গ্রহন করতে পারবেন।
৩. নিলাম ডাককারীকে নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জব্দকৃত নৌযান/আইটেম নিজ দায়িত্বে সরেজমিনে দেখে নিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৪. নিলাম ডাকে অংশগ্রহণকারীকে প্রাক্কলিত মূল্যের ২৫% অর্থ পে-অর্ডারমূলে উপজেলা ভূমি অফিস, ছাতক, সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
৫. নিলাম ডাকমূল্য প্রাক্কলিত মূল্যের সহিত গ্রহণযোগ্য হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে জব্দকৃত নৌযান/আইটেম বিক্রি করা হবে।
৬. যার/যাদের ডাক নিলাম কমিটি কর্তৃক গৃহীত হবে, তাকে পত্রমূলে অবহিত করার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলামে ডাকের অবশিষ্ট ৭৫% পে-অর্ডারমূলে উপজেলা ভূমি অফিস, ছাতক, সুনামগঞ্জের অনুকূলে জমা প্রদান করতে হবে।
৭. যার /যাদের ডাক নিলাম কমিটি কর্তৃক গৃহীত হবে, তাকে নিলাম ডাকের ১০০% অর্থ ব্যতীত নিলাম ডাক মূল্যের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% উৎস কর ট্রেজারী চালানে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূল কপি নিলাম কমিটির আহবায়কের নিকট ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করতে হবে।

CamScanner

৮. নিলামের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়কর জমা প্রদানের পর কার্যাদেশ প্রদান করা হবে।

৯. যাকে/যাদেরকে কার্যাদেশ প্রদান করা হবে, অর্থাৎ যার অনুকূলে জব্দকৃত নৌযান/আইটেম বিক্রি করা হবে, তাকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (দিন) দিনের মধ্যে নৌযান/ভাইটেম বুঝে নিতে হবে। অন্যথায় নৌযান/আইটেমের কোন ক্ষতিসাধন হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০. নিলাম ডাকের অর্থ ,ভ্যাট ও আয়করসহ নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১১. নিলাম প্রদান এবং নিলাম বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষ তথা নিলাম কমিটির গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এতদ্বিষয়ে নিলামে অংশগ্রহণকারী কোনো ব্যক্তি কর্তৃক কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না। তথাপিও কোন মামলা দায়ের করা হলে উক্ত মোকদ্দমা সর্ব আদালতে অগ্রাহ্য বলে গণ্য হবে।

মোহাম্মদ মোজাহিদুল ইসলাম
সহাকরী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
নিলাম কমিটি, ছাতক, সুনামগঞ্জ

স্মারক নং-৩১.৪৬.৯০২৩.০০০.০৬.০০১.২৬- ৫০০(৫)

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৬খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

০২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ ।

০৪। উপজেলা প্রকৌশলী, ছাতক, সুনামগঞ্জ/ (গঠিত নিলাম কমিটির সকল সদস্য)

০৫। অফিস কপি।

মোহাম্মদ মোজাহিদুল ইসলাম
সহাকরী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
নিলাম কমিটি, ছাতক, সুনামগঞ্জ।

CamScanner